# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলীর দপ্তর
কাজের বিনিময়ে খাদ্য
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Email : ce_ffwbwdb@yahoo.com

৫৪, মতিঝিল বানিজ্যিক এলাকা
এলিট হাউজ ৮ তলা, ঢাকা-১০০০
টেলিফোনঃ ৯৫৫৬১২৪
টেলি ফ্যাক্সঃ ৯৫৫১২৯৮

স্মারক নং ২৪১(৮) /প্রপ্র/কাবিখা/পাউবো

তারিখঃ ০৯/১১/২০১০ইং

১। প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।

৩। প্রধান প্রকৌশলী
দক্ষিন-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।

৪। প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

৫। প্রধান প্রকৌশলী
দক্ষিন-পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।

৬। প্রধান প্রকৌশলী
উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো,রাজশাহী।

৭। প্রধান প্রকৌশলী
উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

৮। প্রধান প্রকৌশলী
সি.ই.আর.পি, বাপাউবো, ঢাকা।

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য প্রকল্প/উপ-প্রকল্প/ স্কীম প্রস্তুত ও বাস্তবায়ন নীতিমালা-২০১০ প্রেরণ প্রসংগে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমাপ্ত প্রকল্প সমুহের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য কাজের বিনিময়ে খাদ্য/টাকা কর্মসূচীর আওতায় বাস্তবায়ন যোগ্য প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রস্তুত ও বাস্তবায়ন নীতিমালা-২০১০ আপনার জোনের আওতাধীন সার্কেল এবং বিভাগীয় দপ্তর সমুহে বিতরনের লক্ষ্যে অনুমোদিত নীতিমালার ১(এক) কপি এতদসংগে প্রেরণ করা হইল।

সংযোজন ঃ বর্ণনামতে।

(মোঃ রফিকুল আলম)
অতিঃ প্রধান প্রকৌশলী
কাজের বিনিময়ে খাদ্য
বাপাউবো, ঢাকা।

স্মারক নং /প্রপ্র/কাবিখা/পাউবো/ তারিখঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংযোজনীসহ অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। অতিঃ মহাপরিচালক (পওর-১/২), পাউবো, ঢাকা।
২। সি-এস-ও টু মহাপরিচালক, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, .......................পওর/পাউ বিভাগ, পাউবো, ............................... । সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলীর দপ্তর হইতে অনুমোদিত নীতিমালা সংগ্রহ করার জন্য অনুরোধ করা হইল।

(মোঃ রফিকুল আলম)
অতিঃ প্রধান প্রকৌশলী
কাজের বিনিময়ে খাদ্য
বাপাউবো, ঢাকা।

| ডায়েরী নং- ৮৮০৪ | তারিখ- ৯/১১ |
|---|---|
| ★ তঃ প্রঃ (ঢাকা/ময়মনসিংহ সার্কেল) | ★ নথি রক্ষক |
| ★ প্রঃ পরিচালক (পিএমও) | ★ নক্সাকার |
| ★ নিঃ প্রঃ (পুর) | ★ [illegible] |
| ★ উপ-পরিচালক (প্রঃ) | ★ [illegible] |
| ★ [illegible] সহঃ | ★ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| | ★ পূর্বসূত্রসহ নথিতে পেশ করুন |
| | ★ নথিতে রাখুন/আমাকে দিন |
| | ★ আলোচনা করা হবে |
| ★ রিসিভিং ক্লার্ক | ★ প্রধান প্রকৌশলী/কেঃ অঃ |

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বালাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য
প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রস্তুত ও বাস্তবায়ন নীতিমালা-২০১০

## প্রধান প্রকৌশলীর দপ্তর

কাজের বিনিময়ে খাদ্য
বাপাউবো, ঢাকা।

# কাবিটা/কাবিখা কর্মসূচীর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রস্তুত ও বাস্তবায়ন নীতিমালা-২০১০

## ১.০ ভূমিকা

'কাজের বিনিময়ে খাদ্য' শিরোনামে ইতিপূর্বে বাস্তবায়িত প্রকল্প ২০০০-২০০১ অর্থ বছর হইতে নদী/খাল পুনঃখনন গুচছ প্রকল্প নামে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত ছিল। পরবর্তীতে বাংলাদেশ সরকার ২০০২-২০০৩ অর্থ বছর হইতে অনুন্নয়ন রাজস্ব অর্থায়নে 'কাজের বিনিময়ে টাকা' নামে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করে। প্রকল্পটির অধীনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পূর্বে সমাপ্তকৃত বিভিন্ন প্রকল্পের নদী/খাল পুনঃখনন, বাঁধের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হইয়াছে। প্রদত্ত সম্পদের সর্বোত্তম ব্যবহার ও উন্নয়ন কর্মসূচীর সফল বাস্তবায়নের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হইতে ইতোপূর্বে জারীকৃত নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনপূর্বক "নদী/খাল পুনঃখনন গুচছ প্রকল্পের আওতায় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন নীতিমালা-২০০৫" নামে একটি নতুন নীতিমালা প্রণয়ন করা হয় যাহা ২০০৫-২০০৬ অর্থ বছর হইতে কার্যকর ছিল। পরবর্তীতে ঘূর্ণিঝড় 'সিডর'-এ আক্রান্ত দেশের দক্ষিন/দক্ষিন-পশ্চিমাঞ্চল এবং বন্যা উপদ্রুত হাওর ও সারাদেশব্যাপী বাপাউবো'র সমাপ্তকৃত প্রকল্পের বাঁধ মেরামত ও নদী/খাল পুনঃখননের জন্য খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় হতে প্রাপ্ত খাদ্যশস্য দ্বারা কাজ বাস্তবায়নের জন্য ইতোপূর্বে জারীকৃত নীতিমালা সংশোধন পূর্বক "পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ অবকাঠামো মেরামত/সংস্কারের জন্য কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রণয়ন ও বাস্তবায়ন নীতিমালা-২০০৮" নামে একটি নুতন নীতিমালা প্রণয়ন করা হয়, যা বর্তমানে কার্যকর আছে। বর্তমানে উক্ত কাবিটা/কাবিখা'র উভয় নীতিমালার সমন্বয়ে উহা পরিবর্তন, পরিবর্ধন ও আংশিক সংশোধন পূর্বক "কাবিটা/কাবিখা কর্মসূচীর মাধ্যমে হাওর এলাকাসহ সারাদেশব্যাপী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননের জন্য প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রস্তুত ও বাস্তবায়ন নীতিমালা-২০১০" প্রণয়ন করা হইল যাহা ২০১০-২০১১ অর্থ বছর হইতে কার্যকর হইবে।

## ২.০ কমিটিসমূহ ঃ

২.১ এই নীতিমালা অনুযায়ী প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রণয়ন ও বাস্তবায়নকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নোক্ত কমিটিসমূহ গঠিত হইবেঃ

### ২.১.১ জেলা কমিটি ঃ

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | সদস্য-সচিব |
| (৩) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন | সদস্য |
| (৪) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| (৫) | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| (৭) | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| (৮) | হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধি (হাওর এলাকার জন্য) | সদস্য |
| (৯) | স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১০) | স্থানীয় গনমাধ্যমের একজন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১১) | একজন এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |

২.১.২ উপজেলা কমিটি

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি (শাখা কর্মকর্তা/উপ-বিভাগীয় প্রকৌশলী) | সদস্য-সচিব |
| (৩) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৪) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| (৫) | উপজেলা খাদ্য কর্মকর্তা | সদস্য |
| (৬) | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| (৭) | স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৮) | স্থানীয় গণমাধ্যমের একজন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৯) | একজন এনজিও প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |

২.১.৩ কমিটিসমূহের কার্যপরিধি নীতিমালার বিভিন্ন অনুচেছদে বিধৃত হইয়াছে।

২.১.৪ প্রকল্প বাস্তবায়নকালে কমিটি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে। জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহবান করা যাইবে।

২.১.৫ কমিটির এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে এবং সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হইবে।

২.১.৬ উক্ত কমিটিসমূহ ছাড়াও ৫.০ অনুচেছদ অনুযায়ী পিআইসি ( Project Implementation Committee )/এলসিএস ( Landless Contracting Society ) গঠিত হইবে যাহার মাধ্যমে প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম বাস্তবায়ন করা হইবে।

৩.০ প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম নির্বাচন

৩.১ প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম নির্বাচনে নিম্নলিখিত বিষয়গুলি বিশেষভাবে বিবেচনায় আনিতে হইবে ঃ

৩.১.১ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমাপ্তকৃত প্রকল্পের উদ্দেশ্য ও কার্যকারিতা অক্ষুন্ন রাখিতে বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে গুরুতরভাবে ক্ষতিগ্রস্থ বন্যানিয়ন্ত্রণ বাঁধের সৃষ্ট ভাংগা অংশ ( breach ) বন্ধকরণ, বিকল্প বাঁধ নির্মাণ, বাঁধ পুনরাকৃতিকরণ, নদী/খাল পুনঃ খনন এবং সেচ খালের ডাইক মেরামত ও রক্ষণাবেক্ষন।

৩.১.২ হাওর এলাকার পোল্ডার সমূহের ডুবন্ত বন্যা নিয়ন্ত্রণ বাঁধে সৃষ্ট ভাংগা অংশ বন্ধকরণ ও ক্ষতিগ্রস্থ বাঁধের মেরামত/পুনরাকৃতিকরণ।

৩.১.৩ ড্রেনেজ স্ট্রাকচারের ( Drainage Structures ) মাধ্যমে যে সকল নদী/খালের পানি নিস্কাশিত হয়, সেই সকল নদী/খাল পুনঃখনন ও সেচ খালের উন্নয়ন।

৩.১.৪ পানি উন্নয়ন বোর্ডের চলতি এবং সমাপ্তকৃত প্রকল্পের বাহিরে অবস্থিত এলাকায় জলাবদ্ধতা, বন্যানিয়ন্ত্রণ/জলাভাবের কারণে কৃষি ও মৎস্যচাষে সৃষ্ট সমস্যাদি দুরীকরণার্থে উপকারভোগী ও স্থানীয় জনপ্রতিনিধির সহিত আলোচনাক্রমে নদী/খাল পুনঃখনন, ক্লোজার বা বাঁধ নির্মাণের নিমিত্তে প্রকল্প প্রণয়ন।

৪.০ প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন পদ্ধতি

৪.১ প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন পদ্ধতি

৪.২ প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রক্রিয়াকরণে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করা হইবে ঃ-

৪.২.১ নির্বাহী প্রকৌশলীর প্রতিনিধি (উপজেলা কমিটির সদস্য-সচিব) ৩.০ অনুচ্ছেদ বিবেচনায় নিয়া সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম প্রস্তুত করিবেন। ইউনিয়ন পরিষদের সভায় রেজুলেশনের মাধ্যমে প্রকল্প/উপ- প্রকল্প/স্কীম নির্বাচিত হইবে।

৪.২.২ সাধারণ ক্ষেত্রে একটি প্রকল্প/উপ-প্রকল্প/স্কীমের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে ৮.০০ (আট) মেট্রিক টন খাদ্যশস্য/১.৫০ লক্ষ টাকা। তবে বিশেষ ক্ষেত্রে কোন প্রকল্প/উপ-প্রকল্প/স্কীম ৮.০০ (আট) মেট্রিক টন খাদ্যশস্য/ ১.৫০ লক্ষ টাকার কমও বরাদ্দ করা যাইবে।

৪.২.৩ নির্বাহী প্রকৌশলীর প্রতিনিধি (উপজেলা কমিটির সদস্য-সচিব) প্রকল্পের সম্ভাব্যতা যাচাইসহ প্রাক-জরীপ (প্রি-ওয়ার্ক) মাপ গ্রহণ করিবেন এবং নির্ধারিত ছকে প্রাক্কলন প্রস্তুত করিবেন।

৪.২.৪ প্রকল্প ছকের সাথে প্রকল্পের নকশা সংযুক্ত থাকিবে। নকশা প্রণয়নের সময় Quality Assurance Programme নির্ধারণ করিয়া দিতে হইবে।

৪.২.৫ প্রকল্প বাস্তবায়নের জন্য পানি উন্নয়ন বোর্ড কোন জমি অধিগ্রহণ করিবে না। বিরোধপূর্ণ কোন জমির উপর কোন প্রকল্প গ্রহণ করা যাইবে না। বিরোধপূর্ণ কোন জমির উপর প্রকল্প গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে প্রকল্প গ্রহণের পূর্বেই জমির বিরোধ মীমাংসা করিতে হইবে।

৪.২.৬ প্রকল্প প্রণয়নকালে অন্য কোন সংস্থা কর্তৃক বাস্তবায়নের জন্য গৃহীত হয় নাই মর্মে নিশ্চিত হইতে হইবে। তাহাছাড়া, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত অন্য কাজের সাথে Overlapping পরিহার করিতে হইবে।

৪.২.৭ নির্বাহী প্রকৌশলীর প্রতিনিধি (উপজেলা কমিটির সদস্য-সচিব) নির্বাচিত প্রকল্প প্রস্তাব সমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে উপস্থাপন করিবেন। এই কমিটি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বাস্তবায়নযোগ্য প্রকল্প সমূহ সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যানের মতামত ও তাঁহাদের সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত করিবে। এই চূড়ান্ত প্রকল্প/উপ-প্রকল্প/স্কীমের তালিকা নির্ধারিত ছকে (পরিশিষ্ট-১) প্রস্তাব আকারে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীর মতামতসহ প্রধান প্রকৌশলী, কাবিখা দপ্তরে প্রেরণ করিতে হইবে এবং জেলা কমিটির সভাপতিকে অবহিত করিতে হইবে।

৪.২.৮ প্রধান প্রকৌশলী, কাবিখা, পাউবো, ঢাকা প্রাপ্ত সকল প্রকল্প সমূহের তালিকা যাচাই-বাছাই শেষে সংশ্লিষ্ট বছরের জন্য নির্ধারিত বরাদ্দের মধ্যে বাস্তবায়ন সম্ভব প্রকল্পসমূহের একটি একীভূত তালিকা ৩০ সেপ্টেম্বরের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করিবেন।

৪.২.৯ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহের তালিকা মন্ত্রণালয়ে যাচাই-বাছাই পূর্বক ৩০ অক্টোবরের মধ্যে প্রকল্পওয়ারী অর্থ বিভাজনসহ বাস্তবায়ন কার্যক্রম অনুমোদন করা হইবে।

৪.২.১০ উপধারা ৪.২.৮ হইতে ৪.২.৯ পর্যন্ত উল্লেখিত তারিখসমূহ সরকার হইতে বরাদ্দ প্রাপ্তির সাথে সম্পৃক্ত বিধায় প্রয়োজনে এই সময়সীমা পানি সম্পদ মন্ত্রণালয় নির্বাহী আদেশের মাধ্যমে পুনঃ নির্ধারন করিতে পারিবে।

৪.২.১১ অনুমোদনের পর প্রতিটি প্রকল্পের বরাদ্দ আদেশ পাউবো পরবর্তী ৩(তিন) কার্য দিবসের মধ্যে জারী করিবে এবং অনুমোদিত প্রকল্প সমূহের তালিকা প্রধান প্রকৌশলী, কাবিখা/পওর এর নিকট প্রেরণ করিবে।

৪.২.১২ প্রকল্পের বরাদ্দ আদেশ প্রাপ্তির পর উপজেলা কমিটির সদস্য-সচিবের প্রস্তাবের ভিত্তিতে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/এসডিএস এর অনুকূলে খাদ্যশস্যের ডি ও/টাকা ছাড় করিবেন।

৪.২.১৩ খাদ্যশস্য দ্বারা গৃহীত মাটির কাজের প্রকল্প প্রণয়নে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০০৮ তারিখের

খাদ্যব্যয়/আক-১/৫(১)/২০০৫-০৬(অংশ-১)/২১ নম্বর স্মারকে জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর পরিপত্রের ১৭.১ অনুচ্ছেদে বর্ণিত রেইট অনুসরণ করিতে হইবে।

৪.২.১৪ খাদ্যশস্য পরিবহন খরচ এবং আনুষঙ্গিক ব্যয় (টন প্রতি) : খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিপত্রের ১৬ অনুচ্ছেদের রেইট প্রযোজ্য হইবে।

৪.৩ <u>প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি ও সময়সূচী :</u>

৪.৩.১ স্থানীয় দরিদ্র জনগণকে প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত করার নিমিত্তে পিআইসি ( Project Implementation Committee)/এলসিএস ( Landless Contracting Society ) এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হইবে।

৪.৩.২ <u>হাওর এলাকা :</u>

(১) হাওর এলাকায় উপকারভোগী, স্থানীয় জনপ্রতিনিধি, সমাজ সেবী ও দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করিয়া প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করিতে হইবে।

(২) হাওর এলাকার সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য, নির্বাচিত জনপ্রতিনিধি, সুবিধাভোগী ও স্থানীয় জনসাধারণের সাথে আলোচনাক্রমে পিআইসি গঠন প্রক্রিয়া ৩০ নভেম্বরের মধ্যে সম্পন্ন করিতে হইবে। কমিটিগুলি ১৫ ডিসেম্বরের মধ্যে কাজ শুরু করিবে এবং আবশ্যিকভাবে ২৮ শে ফেব্রুয়ারীর মধ্যে কাজ সমাপ্ত করিতে হইবে। তবে বিশেষ পরিস্থিতিতে কোন প্রকল্পে কাজ ১৫ ডিসেম্বরের ভিতর শুরু করা না গেলে জেলা কমিটির অনুমোদনক্রমে পরবর্তীতে কাজ শুরু করিয়া নির্ধারিত সময়ের মধ্যে শেষ করিতে হইবে।

৪.৩.৩ <u>হাওর ব্যতীত সারাদেশব্যাপী অন্যান্য এলাকা :</u>

(১) হাওর এলাকা ব্যতীত সারাদেশব্যাপী অন্যান্য এলাকার সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য, নির্বাচিত জনপ্রতিনিধি, সুবিধাভোগী ও স্থানীয় জনসাধারণের সংগে আলোচনাক্রমে পিআইসি/এলসিএস গঠন প্রক্রিয়া ১৫ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করিতে হইবে। কমিটিগুলিকে ৩০ ডিসেম্বরের মধ্যে কাজ শুরু করিয়া ৩০ এপ্রিলের মধ্যে সমাপ্ত করিতে হইবে।

৪.৪ প্রকল্প কাজ সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত পিআইসি/এলসিএস প্রকল্প এলাকায় প্রকল্পের নাম ও প্রকল্পের দৈর্ঘ্য/পরিমাণ, বরাদ্দের পরিমাণ, বাস্তবায়ন কমিটি -এর সভাপতি/এলসিএস এর দলনেতার নাম ইত্যাদি তথ্য সম্বলিত একটি দৃষ্টিযোগ্য অর্থাৎ ১.৫২৪ মিটার × ০.৯১৪ মিটার (৫ ফুট × ৩ ফুট) আকারের বিলবোর্ড স্থাপন করিবে। বিল বোর্ডের নমুনা খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিপত্রের ১৮ অনুচ্ছেদ অনুযায়ী হইবে।

৪.৫ প্রকল্প কাজের খাদ্যশস্য/টাকা পানি সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের অনুকূলে ছাড় করিবে। মহাপরিচালক বরাদ্দকৃত খাদ্যশস্য/টাকা সরাসরি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অনুকূলে অবমুক্ত (Allotment Order) করিবেন। একই সাথে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় হইতে প্রাপ্ত খাদ্যশস্যের পরিবহন ও আনুষঙ্গিক খরচের থোক বরাদ্দ উত্তোলন পূর্বক নির্বাহী প্রকৌশলীর অনুকূলে প্রেরণ করিবে। প্রাপ্ত বরাদ্দের অতিরিক্ত প্রয়োজনীয় পরিবহন ও আনুসঙ্গিক খরচের জন্য বরাদ্দের প্রয়োজন হইলে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের নিকট পরবর্তী পর্যায়ে যৌক্তিকতাসহ চাহিদাপত্র প্রেরণ করিতে পারিবে। বাস্তবায়িতব্য কাজের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য কাবিখা কাজের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নিকটবর্তী খাদ্য গুদাম হইতে উত্তোলনের অর্পণাদেশ

জারী ( Delivery Order ) করিবেন। নির্বাহী প্রকৌশলী অবমুক্তকৃত খাদ্যশস্যের মাসিক হিসাব পরবর্তী মাসের ১ম সপ্তাহেই প্রধান প্রকৌশলী, কাবিখা, পাউবো, ঢাকার নিকট দাখিল করিবেন।

৪.৬ বাস্তবায়িতব্য কাজের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য কাবিটা কাজের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নামে এতদনিমিত্ত খোলা কোন তফসিলভূক্ত ব্যাংকে চলতি হিসাবে জমা করিতে হইবে। প্রকল্প কাজের অর্থ সরাসরি উক্ত হিসাবের অনুকূলে প্রধান প্রকৌশলী, কাবিখা, পাউবো, ঢাকা অবমুক্ত করিবেন। নির্বাহী প্রকৌশলী তাঁহার অনুকূলে অবমুক্তকৃত অর্থের মাসিক হিসাব পরবর্তী মাসের ১ম সপ্তাহেই সংশ্লিষ্ট ( RAC ) অফিসে দাখিল করতঃ Summary Sheet এর কপি প্রধান প্রকৌশলী, কাবিখা এবং পরিচালক, হিসাব রক্ষন পরিদপ্তর, পাউবো, ঢাকার নিকট দাখিল করিবেন।

৪.৭ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/এলসিএস এর অনুকূলে সর্বাধিক ২৫% খাদ্যশস্য/টাকা অগ্রিম হিসাবে প্রদান করা যাইবে। এই লক্ষ্যে পিআইসির সভাপতি ও সদস্য সচিব অথবা এলসিএস এর দলনেতা ও উপ-দল নেতার যৌথ স্বাক্ষরে যে কোন রাষ্ট্রায়ত্ব ব্যাংকে প্রকল্পের জন্য একটি চলতি হিসাব খুলিতে হইবে। কমিটি উক্ত হিসাব হইতে যাবতীয় লেনদেন সম্পন্ন করিবে। পিআইসি/ এলসিএস উক্ত হিসাবের রেকর্ডপত্রাদি এবং শ্রমিকদের মজুরী পরিশোধ সংক্রান্ত মাস্টার রোল যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং উহার এক কপি শাখা কর্মকর্তাকে সরবরাহ করিবে। কাজের চলতি বিল হইতে প্রদত্ত অগ্রিম ক্রমান্বয়ে সমন্বয় করিতে হইবে। প্রকল্প কাজের বিল সর্বাধিক ৪(চার) কিস্তিতে পরিশোধ করা যাইবে।

৪.৮ পিআইসি সভাপতি/এলসিএস ১ম অগ্রিম কিস্তির খাদ্যশস্য/টাকার জন্য নিম্নবর্ণিত শর্তাদি পালন পূর্বক অগ্রিম ১ম কিস্তির খাদ্যশস্য/ টাকা ছাড়ের জন্য নির্বাহী প্রকৌশলীর নিকট অধিযাচন পত্র (পরিশিষ্ট-২) দাখিল করিবেন ঃ-

(ক) প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)/এলসিএস গঠন করিয়া নির্বাহী প্রকৌশলীর নিকট অনুমোদনের জন্য দাখিল করা ;

(খ) প্রকল্প এলাকায় বিলবোর্ড স্থাপন করা ;

(গ) নির্ধারিত Contract Agreement -এ স্বাক্ষর করা ;

(ঘ) যে কোন রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংকে চলতি হিসাব খোলা।

৪.৯ নির্বাহী প্রকৌশলীকে খাদ্যশস্য/টাকা ছাড়ের জন্য নিম্নরূপ নিয়ম অনুসরণ করিতে হইবে ঃ

(ক) অগ্রিম ১ম কিস্তির খাদ্যশস্য/টাকা ছাড়ের জন্য অধিযাচন পাইবার ৭(সাত) দিনের মধ্যে কাগজপত্রের যথার্থতা পরীক্ষা করিয়া খাদ্যশস্য নিকটতম খাদ্য গুদাম হইতে উত্তোলনের অর্পনাদেশ ( Delivery Order ) জারী করিবেন এবং A/C Payee Cheque -এর মাধ্যমে পিআইসি/ এলসিএস কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্পের জন্য খোলা ব্যাংক হিসাবের অনুকূলে টাকা ছাড় করিতে হইবে ;

(খ) তৃতীয় কিস্তির খাদ্যশস্য/টাকা অগ্রিম ছাড় করার সময় প্রথম কিস্তিতে দেয় অগ্রিম সমন্বয় করিতে হইবে; চতুর্থ কিস্তি খাদ্যশস্য/টাকা ছাড় করার সময় দ্বিতীয় ও তৃতীয় কিস্তির দেয় অগ্রিম আবশ্যিকভাবে সমন্বয় করিতে হইবে এবং খাদ্যশস্য/টাকা ছাড় করার পূর্বে প্রকল্পের কাজের চূড়ান্ত পরিমাপ গ্রহণ করিতে হইবে। কাজ ডিজাইন মোতাবেক সমাপ্ত হইয়াছে ও শ্রমিকদের পাওনা সম্পূর্ণ পরিশোধ হইয়াছে মর্মে পিআইসি/এলসিএস অবিলম্বে সকল সদস্যদের স্বাক্ষর

সম্বলিত রেজুলেশন এবং চতুর্থ কিস্তির বিল শাখা কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলীর সুপারিশ পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বিলটি অনুমোদন ও পরিশোধের ব্যবস্থা নিবেন।

(গ) প্রদত্ত অগ্রিম হিসাবে ১ম কিস্তির খাদ্যশস্য/টাকার সন্তোষজনক ব্যবহার এবং প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে শাখা কর্মকর্তা ও উপ-বিভাগীয় প্রকৌশলীর সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে দ্বিতীয় কিস্তির খাদ্যশস্য/টাকা অগ্রিম ছাড় করিতে হইবে।

৪.১০ সার্কেলের চলতি সিডিউল অব রেইটসে VAT/Tax/IT অন্তর্ভুক্ত করতঃ কাজের সিডিউল অব রেইটস প্রস্তুত করিতে হইবে। উক্ত সিডিউল অব রেইটসে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হইতে হইবে। উক্ত রেইটস এর ভিত্তিতে অত্র নীতিমালার আওতাধীন সকল কাবিটা কাজের প্রাক্কলন প্রস্তুত করিতে হইবে এবং পিআইসি/এলসিএস এর বিল হইতে যথারীতি VAT/Tax/IT কর্তন করা যাইবে।

৪.১১ মোট বরাদ্দের ১% অর্থ আনুষঙ্গিক খরচ ( Contingency ) হিসাবে ব্যয় করা যাইবে। বিল বোর্ড স্থাপন, ষ্টেশনারী সামগ্রী ক্রয়, প্রকল্প কাজ তদারকির জন্য যাতায়াতসহ অন্যান্য আনুষঙ্গিক কাজে উক্ত টাকা পিআইসি প্রাপ্য হইবে এবং সরকারী বিধি অনুযায়ী কমিটিকে উক্ত টাকা পরিশোধ করিতে হইবে।

৪.১২ কোন পিআইসি/এলসিএস অগ্রিম খাদ্যশস্য/টাকা গ্রহণ করিয়া কাজ না করিলে বা করিতে অপারগ হইলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রকল্প কমিটির সভাপতি/দলনেতাকে ৭(সাত) দিনের কারণ দর্শানোর নোটিশ প্রদানের মাধ্যমে প্রকল্প বাতিল করতঃ অগ্রিম গৃহীত খাদ্যশস্য/টাকা ১৫ দিনের মধ্যে পাউবো'র সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক) -এ জমা দেয়ার নির্দেশ প্রদান করিবেন। ব্যর্থতায় নির্বাহী প্রকৌশলী সংশ্লিষ্ট পিআইসি/এলসিএস এর বিরুদ্ধে স্থানীয় থানায় এফআইআর ( FIR ) দাখিল করিয়া প্রধান প্রকৌশলী, কাবিখা এবং সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীকে অবহিত করিবেন।

৪.১৩ নির্বাহী প্রকৌশলী নির্ধারিত ছকে (পরিশিষ্ট-৩) প্রতিটি প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির ১ম পাক্ষিক প্রতিবেদন মাসের ৩য় সপ্তাহে এবং মাসের ২য় পাক্ষিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রধান প্রকৌশলী, কাবিখা'র নিকট সরাসরি প্রেরণ করিবেন যাহার অনুলিপি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীকে প্রদান করিবেন। প্রধান প্রকৌশলী, কাবিখা নির্ধারিত ছকে (পরিশিষ্ট-৪) মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পাউবো ও মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

৪.১৪ প্রকল্প বাস্তবায়ন সমাপ্তির পরবর্তী ১০(দশ) দিনের মধ্যে নির্বাহী প্রকৌশলী কাজ সমাপ্তির প্রতিবেদন নির্ধারিত ছকে (পরিশিষ্ট-৫) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলী, কাবিখা'র নিকট পেরণ করিবেন।

**৫.০ প্রকল্প বাস্তবায়ন কমিটি পিআইসি (PIC)/ এলসিএস (LCS) গঠন**

৫.১ বরাদ্দ আদেশ প্রাপ্তির পর এই নীতিমালার আলোকে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) অথবা সংশ্লিষ্ট এলাকার বিআরডিবি/সরকার অনুমোদিত এনজিও এর মাধ্যমে এলসিএস গঠনের ব্যবস্থা নিবেন এবং সংশ্লিষ্ট উপজেলা কমিটির অনুমোদন গ্রহণ করিবেন। কাবিটা প্রকল্পের মোট বরাদ্দের ২৫% কাজ এলসিএস এর মাধ্যমে বাস্তবায়ন করা যাইবে। তবে হাওর এলাকার সকল "কাবিখা/কাবিটা" এর কাজ পিআইসি এর মাধ্যমে বাস্তবায়ন করিতে হইবে।

৫.২ প্রতিটি পিআইসি ৫-৭ জন সদস্য সমন্বয়ে গঠিত হইবে। কমিটিতে ১(এক) জন সভাপতি, ১(এক) জন সদস্য- এবং অন্যরা সদস্য হিসাবে থাকিবেন। নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গ পিআইসির সভাপতি/সদস্য হিসাবে মনোনয়নযোগ্য হইবে

| | | | |
|---|---|---|---|
| (১) | সভাপতি | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সদস্য | ইউনিয়ন পরিষদের সভার রেজুলেশন এর মাধ্যমে নির্বাচিত হইবে। |
| (২) | সদস্য-সচিব | ইউনিয়ন পরিষদের সদস্য/ পিআইসি সদস্যদের মধ্যে জ্যেষ্ঠ সদস্য | পিআইসি সভার রেজুলেশনের মাধ্যমে। |
| (৩-৫) | সদস্য | মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত। | ১(এক) জন মহিলা সদস্যসহ মোট ৩(তিন) জন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (সুবিধাভোগী বিদ্যালয়ের শিক্ষক, এনজিও কর্মী) |
| (৬) | সদস্য | উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনীত। | ১(এক) জন আনসার/ভিডিপি সদস্য |
| (৭) | সদস্য | নির্বাহী প্রকৌশলী কর্তৃক মনোনীত। | ১(এক) জন পানি ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধি (যদি থাকে) |

৫.৩ পিআইসি'র সভাপতিসহ সকল সদস্যদেরকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।

৫.৪ পিআইসি গঠনের নিমিত্তে উপজেলা কমিটির সদস্য-সচিব ইউপি চেয়ারম্যানকে অনুরোধ পত্র প্রেরণ করিবেন।

৫.৫ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য একটির বেশী পিআইসি'র সভাপতি হইতে পারিবেন না। তবে যদি কোন ইউনিয়নে উক্ত ইউনিয়নের সদস্য সংখ্যার চাইতে বেশী সংখ্যক পিআইসি গঠনের প্রয়োজন দেখা দেয় তাহা হইলে উক্ত ইউনিয়নের চেয়ারম্যান/কোন সদস্য অনধিক দুইটি পিআইসি'র সভাপতি হিসাবে নিযুক্ত হইতে পারিবেন। অন্যান্য ক্যাটাগরীতে একই ব্যক্তি সর্বাধিক ২(দুই)টি পিআইসি'র সদস্য হইতে পারিবেন।

৫.৬ পিআইসি খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিপত্রের ১৩.৫ অনুচ্ছেদ অনুযায়ী দায়িত্ব পালন করিবে।

৫.৭ বরাদ্দের মাত্রা অনুযায়ী প্রতিটি ইউনিয়নের জন্য নিম্নোক্ত সংখ্যক পিআইসি/এলসিএস গঠন করিতে হইবে:

| বরাদ্দ (মেট্রিক টন) | বরাদ্দ (লক্ষ টাকায়) | এলসিএস/পিআইসি সংখ্যা |
|---|---|---|
| ০০ - ৭৫.০০ | ০০ - ১৫.০০ | ১ টি |
| > ৭৬.০০ - ১৫০.০০ | > ১৬.০০ - ৩০.০০ | ২ টি |
| > ১৫১.০০ - ২২৫.০০ | > ৩১.০০ - ৪৫.০০ | ৩ টি |
| > ২২৬.০০ - ৩০০.০০ | > ৪৬.০০ - ৬০.০০ | ৪ টি |

৫.৮ এইভাবে পরবর্তী প্রতি ৭৫.০০ মেট্রিক টন খাদ্যশস্য/ ১৫.০০ লক্ষ টাকার জন্য ১টি পিআইসি/এলসিএস গঠন করিতে হইবে। কিন্তু কাজ বাস্তবায়নের সুবিধার্থে উপজেলা কমিটি কম সংখ্যক পিআইসি/এলসিএস গঠন করিয়াও কাজ বাস্তবায়ন করিতে পারিবে। বিশেষ ক্ষেত্রে ৭৫.০০ মেট্রিক টন খাদ্যশস্য/ ১৫.০০ লক্ষ টাকার অধিক খাদ্যশস্য/ টাকার জন্য পিআইসি/এলসিএস গঠন করার প্রয়োজন দেখা দিলে নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৫.৯ নির্বাহী প্রকৌশলী নির্ধারিত ছকে (পরিশিষ্ট-৬) পিআইসি/এলসিএস অনুমোদনের পর ৩(তিন) দিনের মধ্যে উহার প্রতিবেদন প্রধান প্রকৌশলী, কাবিখা ও সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করিবেন।

৫.১০ পিআইসি/এলসিএস অনুমোদনের পর পিআইসির সভাপতি ও সদস্যগণ এবং এলসিএস এর দলনেতা ও উপ-দলনেতা সংযুক্ত ফরমেটে (পরিশিষ্ট-৭) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নির্বাহী প্রকৌশলীর সাথে চুক্তি সম্পাদন করিবেন।

৫.১১ পিআইসি/এলসিএস চুক্তি ভংগ করিলে অথবা কাজের অগ্রগতি ও পিআইসি/এলসিএস এর কার্যকলাপ সন্তোষজনক না হইলে ৭(সাত) দিনের কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবেন। সন্তোষজনক জবাব না পাওয়া গেলে নির্বাহী প্রকৌশলী গঠিত পিআইসি/এলসিএস ভাংগিয়া নতুন পিআইসি/এলসিএস পুনর্গঠনের ব্যবস্থা করিতে পারিবেন। পুনর্গঠিত পিআইসি/এলসিএস এর ক্ষেত্রে পূর্বের কমিটির সদস্যদের ঠিক রাখিয়া নতুনভাবে সভাপতি/দলনেতা নিয়োগ পূর্বক পিআইসি/এলসিএস পুনর্গঠন করিবেন। পিআইসি পুনর্গঠনে অপারগ হইলে সংশ্লিষ্ট উপজেলা কমিটির সিদ্ধান্তক্রমে ব্যবস্থা নিবেন। বাতিলকৃত পিআইসি/এলসিএস এর নিকট অব্যবহৃত খাদ্যশস্য/নগদ টাকাসহ সংশ্লিষ্ট কাগজপত্র নতুন পিআইসি/ এলসিএস এর নিকট হস্তান্তর করিতে হইবে। অন্যথায় উপজেলা কমিটির সদস্য-সচিব অনুচ্ছেদ ৭.০ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ পূর্বক বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

৫.১২ পিআইসি সংক্রান্ত অন্যান্য বিধানাবলী খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিপত্রের ১৯ অনুচ্ছেদ অনুযায়ী হইবে।

৬.০ সর্দার ও সুপার ভাইজার ঃ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিপত্রের ১৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী সর্দার ও সুপারভাইজারদের কার্যক্রম পরিচালিত হইবে।

## ৭.০ অব্যয়িত খাদ্যশস্য/নগদ অর্থ ঃ

প্রকল্প সমাপ্তির পর অব্যয়িত খাদ্যশস্য/টাকা অবশিষ্ট থাকার কথা নহে। বিশেষতঃ খাদ্যশস্য/নগদ টাকা উত্তোলনের সময়ই উহার প্রয়োজনীয়তা বিবেচনা করিয়া উত্তোলনের কথা। ইহা সত্বেও যদি কোন প্রকল্পে কোন কারণে খাদ্যশস্য/নগদ টাকা উত্তোলনের পর অব্যয়িত থাকিয়া যায় তাহা সাথে সাথেই নিস্পত্তি করা প্রয়োজন। সেইজন্য খাদ্যশস্য দ্বারা বাস্তবায়িত প্রকল্প সমাপ্তির ৪৫ দিনের মধ্যে অব্যয়িত খাদ্যশস্যের প্রচলিত একক মূল্যে, সরকার কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক বিনিময় মূল্যে, উপজেলা কমিটির সদস্য-সচিব সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট হইতে আদায় করিয়া সরকারী কোষাগারে নির্ধারিত খাতে জমা দিয়া, জমা নিশ্চিত হইয়াছে জানার পর উহার চালানের কপি রেজিষ্ট্রি ডাকযোগে প্রধান প্রকৌশলী, কাবিখা এর দপ্তরে প্রেরণ করিবেন। নির্ধারিত সময়সীমার মধ্যে খাদ্যশস্যের মূল্য প্রদান করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যানের নিকট হইতে দ্বিগুন হারে উহার মূল্য (সরকার কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক বিনিময় মূল্য) আদায় করা হইবে। প্রকল্প সমাপ্তির ৪৫ দিনের মধ্যে একক মূল্য এবং অনাদায়ে ৯০ দিনের মধ্যে দ্বিগুন মূল্য সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যান জমা দিতে ব্যর্থ হইল দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে সার্টিফিকেট/ফৌজদারী মামলার মাধ্যমে উক্ত মূল্য আদায় করা হইবে। কোন প্রকল্পে খাদ্যশস্য/টাকা অব্যয়িত থাকিলে তাহা অবশ্যই স্থায়ী রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করিতে হইবে। কোন প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান একক মূল্য জমা করিয়া দ্বিগুন মূল্যের দায় হইতে অব্যাহতি প্রার্থণায় মন্ত্রণালয়ের সচিব বরাবরে আবেদন করিতে পারিবেন। মন্ত্রণালয় বিষয়টি বিবেচনা করিতে পারিবে।

## ৮.০ প্রকল্প/স্কীম সাময়িকভাবে স্থগিত/ বাতিলের কারণসমূহ ঃ

৮.১.১ কোন তদারকি কর্মকর্তা প্রকল্প পরিদর্শনকালে গুরুতর কোন অনিয়মের কারণে যে কোন প্রকল্প সাময়িকভাবে বন্ধ করার আদেশ দিতে পারিবেন বা বাতিল করার সুপারিশ করিতে পারিবেন। কোন প্রকল্পের ক্ষেত্রে অনিয়ম বা খাদ্যশস্য/ নগদ টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/তাঁহার প্রতিনিধি প্রাথমিক তদন্তের ব্যবস্থা করিবেন

এবং জেলা/উপজেলা কমিটিকে বিষয়টি অবহিত করিবেন এবং প্রকল্পের কাজ সাময়িকভাবে বন্ধ রাখিতে পারিবেন। তবে প্রকল্পের কাজ সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ জারী করার সংগে সংগেই কাজের সহিত প্রত্যক্ষভাবে জড়িত নন, এমন কোন কর্মকর্তার দ্বারা বিষয়টি সম্পর্কে পূর্ণ তদন্ত করাইবেন এবং এই তদন্তের ভিত্তিতে তিনি উপ-জেলা কমিটির অনুমতিক্রমে কাজ বন্ধের আদেশ প্রত্যাহার করিতে পারিবেন অথবা প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৮.১.২ কোন প্রকল্পে নিম্নলিখিত যে কোন অনিয়ম ঘটিলে নির্বাহী প্রকৌশলী উপজেলা কমিটির সুপারিশক্রমে উহা সাময়িকভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবেন ঃ-

(ক) সঠিক বিল বোর্ড প্রদর্শনে ব্যর্থতা ;

(খ) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গতিপথ অথবা ডিজাইন পরিবর্তন করা ;

(গ) সরকার কর্তৃক নির্ধারিত নির্দেশাবলীর খেলাপ করিয়া প্রকল্প বাস্তবায়ন কমিটি/এলসিএস গঠন ;

(ঘ) খাদ্যশস্য প্রকল্পে শ্রমিকদের নগদ টাকায় মজুরী প্রদান/ কম মজুরী প্রদান ;

(ঙ) তদন্তকারী কর্মকর্তাকে প্রকল্পের হিসাব পত্রাদি দেখাইতে ব্যর্থতা ;

(চ) বরাদ্দ পাওয়া সত্ত্বেও প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট পরিবহন খরচ ও উপনিমিত্ত তহবিলের টাকা প্রদান না করা ;

(ছ) অনুমোদিত ডিজাইনের সহিত অসংলগ্নতা, গরমিল/কারিগরী ত্রুটিপূর্ণ প্রকল্প ;

(জ) তদারককারী/মনিটরিং কর্মকর্তা বা টীম বরাদ্দকৃত কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্কে ৩০% এর বেশী ভেরিয়েশন পাইলে। অন্যথায় শুধুমাত্র পরিমাপকৃত কাজের মজুরী প্রদান করা হইবে ;

(ঝ) জমি সংক্রান্ত বিবাদ ;

(ঞ) যথাযথভাবে প্রয়োজনীয় তথ্য ও নথিপত্র সংরক্ষণ না করা ;

(ট) নীতিমালার বর্ণিত শর্তাবলী/বিধানাবলী লংঘন করা।

৮.১.৩ যদি কোন প্রকল্প সাময়িকভাবে স্থগিত বা বাতিল করা হয় তাহা হইলে আনুষ্ঠানিকতা শেষে প্রকল্প বাস্তবায়ন কমিটি উক্ত আদেশের তারিখ পর্যন্ত স্থগিত কাজের জন্য শ্রমিকদের মজুরী পরিশোধ করিতে পারিবেন। এই প্রয়োজনে নির্বাহী প্রকৌশলী নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্যের অর্পনাদেশ জারী বা বিল অনুমোদন করিতে পারিবেন। এইরূপে বাতিলকৃত প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত তারিখের পর শ্রমিকদের বকেয়া মজুরীর খাদ্যশস্য/নগদ টাকার জন্য সরকার কোন অবস্থায়ই দায়-দায়িত্ব গ্রহন করিবে না।

৮.১.৪ যদি কোন প্রকল্পে অনিয়ম অথবা স্থানীয় বিরোধের ফলে তদন্ত চলিতে থাকে অথবা আদালতে বিচারাধীন থাকে তাহা হইলে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশ না পাওয়া পর্যন্ত উক্ত প্রকল্পের বাস্তবায়ন কাজ বন্ধ থাকিবে।

## ৯.০ নথিপত্র সমূহ সংরক্ষণ ঃ

প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কমিটি ও নির্বাহী প্রকৌশলীর দপ্তর নিম্নবর্ণিত নথিপত্র সমূহ সংরক্ষন করিবেন ঃ

(ক) মাপ বহি ;

(খ) মাপ ও মজুরী প্রদানের কাগজপত্র সমূহ ;

(গ) নিয়মিত মাস্টার রোলসহ সংক্ষিপ্ত মাস্টার রোল ;

(ঘ) খাদ্যশস্যের জন্য মজুদ খতিয়ান ;

(ঙ) অন্যান্য প্রয়োজনীয় রেকর্ডপত্রাদি।

১০.০ **প্রকল্প বাস্তবায়ন সময়সূচী ঃ**

১০.১ "কাবিখা/কাবিটা" কর্মসূচীর অধীনে গৃহীত প্রকল্পসমূহ ৩০ এপ্রিলের মধ্যেই সমাপ্ত করিতে হইবে। তবে হাওর এলাকার প্রকল্পের কাজ ২৮ ফেব্রুয়ারীর মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১০.২ পানি সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনে প্রকল্প বাস্তবায়নের সময়সীমা বাড়াইতে ও কমাইতে পারিবে।

১০.৩ বাস্তবায়ন সময়সীমা কঠোরভাবে অনুসরণ করিতে হইবে এবং মন্ত্রণালয় কর্তৃক সময়সীমা বৃদ্ধি করা না হইলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে ব্যর্থ হইলে ভারীকৃত বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।

১০.৪ প্রকল্পের কাজ সময়মত ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভাপতি ও সদস্য-সচিব এবং এলসিএস এর দলনেতা ও উপ-দলনেতার জন্য একটি কর্মশালা আয়োজন করিতে হইবে।

১১.০- **মনিটরিং ও তদারকী ঃ**

১১.১.১ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের 'কাজের বিনিময়ে খাদ্য/টাকা' কর্মসূচীর বাস্তবায়ন নিয়মিত তদারকি ও অগ্রগতি মনিটরিং এর মূল দায়িত্ব উক্ত সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাদের। মাঠ পর্যায়ে কর্মরত তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী কাজের নিয়মিত তদারকি করিবেন। উপজেলা ও জেলা কমিটির সভাপতি হিসাবে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকও প্রকল্প কাজ তদারকি করিবেন। কমিটির সদস্যবৃন্দও কাজ পরিদর্শন করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কমিটির প্রধানের নিকট প্রতিবেদন দাখিল করিতে পারিবেন।

১১.১.২ প্রধান প্রকৌশলী, কাবিখা কেন্দ্রীয়ভাবে কাজের অগ্রগতি মনিটরিং করিবেন। পানি সম্পদ মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ড এবং হাওর ও জলাভূমির উন্নয়ন বোর্ডের (হাওর এলাকার জন্য) কর্মকর্তা/ পরিদর্শন টিম সরেজমিনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিদর্শন এবং মনিটরিং করিবেন।

১১.১.৩ পিআইসি/এলসিএসকে অগ্রিম প্রদান ও সমন্বয়, পিআইসি/এলসিএস কর্তৃক ব্যয়িত খাদ্যশস্য/টাকার যথাযথ হিসাব সংরক্ষণ ইত্যাদি বিষয়ে সরকারের প্রচলিত বিধিবিধান কঠোরভাবে অনুসরণ করিতে হইবে। প্রকল্পে সুষ্ঠু ও সঠিক বাস্তবায়ন এবং খাদ্যশস্যের হিসাব/আর্থিক শৃংখলা রক্ষায় সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সকল দায়িত্ব পালন করিবেন এবং দায়ী থাকিবেন।

১১.১.৪ প্রধান প্রকৌশলী, কাবিখা 'কাজের বিনিময়ে খাদ্য/টাকা' কর্মসূচীর সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করিবেন। তিনি কাজ সমাপনান্তে মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটি ও অন্যান্য তদারকি/মনিটরিং টীমের প্রতিবেদনে মতামত দিবেন এবং নির্বাহী প্রকৌশলী প্রেরিত একীভূত সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করিবেন।

১২.০ **বিবিধ**

১২.১ "কাবিখা/কাবিটা" কর্মসূচীর উপর নিরীক্ষা প্রতিবেদনের আপত্তিসমূহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক যথাসময়ে নিষ্পত্তি করিতে হইবে। এই কর্মসূচীর উপর আদালতে কোন মামলা হইলে নির্বাহী প্রকৌশলী আইনজীবি নিয়োগ করতঃ তাহা পরিচালনা করিবেন।

১২.২ নীতিমালায় উল্লেখিত নির্দেশাবলী যাহাতে সকল ক্ষেত্রে অনুসৃত হয় তাহা প্রধান প্রকৌশলী, কাবিখা নিশ্চিত করিবেন। প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং, তদারকি সমন্বয় তথা রিপোর্ট-রিটার্ন, আদান-প্রদান ইত্যাদি বিষয়ে প্রধান প্রকৌশলী, কাবিখা এর দপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

১২.৩ প্রধান প্রকৌশলী, কাবিখা প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত, পিআইসি গঠন, অধিযাচনপত্র, পিআইসি'র সাথে চুক্তিপত্র, পরিদর্শন ছক, পরিবীক্ষণ প্রতিবেদন, মাপবহি, মাস্টাররোল, শ্রমিকদের হাজিরা রেজিষ্টার, মাপ ও মজুরী প্রদান খতিয়ান, প্রকল্পের মাসিক প্রতিবেদন, সমাপ্তি প্রতিবেদন ইত্যাদির নমুনা ছক প্রস্তুত করিয়া নির্বাহী প্রকৌশলীদের নিকট সরবরাহ করিবেন। খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুসরণে এই সকল ছক প্রণয়ন করা যাইতে পারে।

১২.৪ এই নীতিমালায় বর্ণিত প্রকল্প বলিতে প্রকল্পের আওতায় প্রণীত উপ-প্রকল্প বা স্কীমকেও অন্তর্ভুক্ত করিবে।

১২.৫ এই নীতিমালায় বিধৃত হয় নাই এইরূপ বিষয়ে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর সর্বশেষ পরিপত্র অনুসরণে কার্যক্রম গ্রহণ করা যাইবে।

১২.৬ পানি সম্পদ মন্ত্রণালয় পরিস্থিতি বিবেচনায় এই পরিপত্রের যে কোন বিষয় পরিবর্তন, পরিবর্ধন এবং পরিমার্জন করিতে পারিবে।

১২.৭ এই নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা প্রতীয়মান হইলে তাহা পানি সম্পদ মন্ত্রণালয়ের গোচরীভূত করিয়া নির্দেশনা চাওয়া যাইতে পারে।

১২.৮ এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে এবং এই মন্ত্রণালয়ের পূর্বের জারীকৃত এতদসংক্রান্ত আদেশ/পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১২.৯ এই নীতিমালাটি পানি সম্পদ মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইট www.mowr.gov.bd এবং বাপাউবো এর ওয়েব সাইট www.bwdb.gov.bd পাওয়া যাইবে।

স্বাক্ষরিত/ ১৮-১০-২০১০
(পরিমল চন্দ্র সাহা)
যুগ্ম-সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

## বাঁধ মেরামত এবং নদী/খাল পুনঃখনন প্রকল্পের আওতায় ...................... সালের প্রস্তাবনা।

বিভাগ ঃ
সার্কেল ঃ
জোন ঃ

| ক্রঃ নং | উপ-প্রকল্প/ স্কীমের নাম | কাজের বিবরণ | কাজের ধরন/ উদ্দেশ্য (*) | অবস্থান | | চেইনেজ (কিঃমিঃ) | | মোট কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ) | মাটির পরিমান (ঘন মিটার) | প্রস্তাবিত চাহিদা (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | জেলা | উপজেলা | হইতে | পর্যন্ত | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

প্রধান প্রকৌশলীর স্বাক্ষর
দাপ্তরিক সীল

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর স্বাক্ষর
দাপ্তরিক সীল

নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর
দাপ্তরিক সীল

(ক) ব্রীচ বন্ধকরন (খ) বিকল্প বাঁধ নির্মাণ (গ) বাঁধ পুনরাকৃতিকরণ (ঘ) নদী/খাল পুনঃখনন

**পরিশিষ্ট-২**

# বাঁধ মেরামত এবং নদী/খাল পুনঃখনন
## অধিযাচনপত্র

১। প্রকল্প নং- ........................ ২। ইউনিয়ন ........................ ৩। বরাদ্দের পরিমাণঃ টাকা ..................

৪। পিআইসি চেয়ারম্যান/এলসিএস এর নাম ঃ ........................

৫। প্রকল্পের নাম ঃ ........................

৬। বরাদ্দ আদেশ নং ........................

৭। হিসাব নং- চলতি ........................ ব্যাংকের নাম ঃ ........................ তারিখঃ ........................

৮। পিআইসি/এলসিএস এর জন্য প্রাক্কলিত মাটির পরিমাণ ঃ ........................

৯। বিগত মজুরী পরিশোধের সময় পর্যন্ত পিআইসি কর্তৃক সম্পাদিত মাটির কাজ ........................ ঘনমিটার

১০। পিআইসি/এলসিএস কর্তৃক উত্তোলিত টাকার পরিমাণ ঃ ........................ ঘনমিটার

১১। পিআইসি/এলসিএস এর হাতে অবশিষ্ট টাকার পরিমাণ ঃ ........................

১২। এখন উত্তোলনের জন্য যে পরিমাণ খাদ্যশস্য টাকার প্রয়োজন ঃ ........................

আমি প্রকল্পের নথিপত্র সমূহ পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করতঃ এবং শ্রমিকদের পাওনা পরিশোধ করিয়া উল্লেখিত বিবরণসমূহ লিপিবদ্ধ ও উহাদের সত্যতা প্রত্যয়ন করিতেছি।

পিআইসি চেয়ারম্যান/এলসিএস দলনেতার স্বাক্ষর ঃ ........................

ইউনিয়ন ঃ ........................

তারিখ ঃ ........................

আমি প্রত্যয়ন করিতেছি যে, আমি প্রকল্প স্থান পরিদর্শন করিয়াছি এবং যেইটুকু কাজ হইয়াছে তাহার পরিমাণ গ্রহন পূর্বক এমবিতে লিপিবদ্ধ করিয়াছি। উপরন্তু আমি প্রকল্পের নথিপত্র সমূহ পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়াছি, ব্যাংকের হিসাব যাচাই করিয়াছি এবং শ্রমিকদিগকে জিজ্ঞাসাবাদ করিয়াছি। এই পর্যন্ত খাদ্যশস্য/টাকা ........................ (কথায় ........................) প্রকল্প কাজের জন্য ব্যয় হইয়াছে। আমি সুপারিশ করিতেছি যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/এলসিএস দলনেতাকে খাদ্যশস্য/টাকা ........................ (কথায় ........................) উত্তোলনের অনুমতি প্রদান করা যাইতে পারে।

প্রকল্প পরিদর্শনের তারিখ ........................

শাখা কর্মকর্তার স্বাক্ষর ও দাপ্তরিক সীল ........................

তারিখ ........................

আমি প্রত্যয়ন করিতেছি যে, আমি প্রকল্প স্থান পরিদর্শন করিয়াছি এবং যেইটুকু কাজ হইয়াছে তাহার পরিমাণ যাচাই করিয়াছি এবং সঠিক পাইয়াছি। প্রকল্প নং ........................ এর পিআইসি/এলসিএস কর্তৃক খাদ্যশস্য/টাকা ........................ (কথায় ........................) উত্তোলনের প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশসহকারে অনুরোধ করা হইল।

প্রকল্প পরিদর্শনের তারিখ ........................

উপ-বিভাগীয় প্রকৌশলীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল........................

তারিখ ........................

বাঁধ মেরামত এবং নদী/ খাল পুনঃখনন প্রকল্পের আওতায় ২০১০-২০১১ সালের প্রস্তাবনা ।

| ক্রমিক নং | উপ-প্রকল্প / স্কীমের নাম | | | [illegible] | পিআইসি | | কার্যাদেশ নম্বর ও তারিখ | [illegible] | অনুমোদিত | | | | | | | | তারিখ পর্যন্ত বাস্তব অগ্রগতি | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জেলা | উপজেলা | | সংখ্যা | চুক্তি মূল্য | | | বাঁধ | | | | | খাল | | | বাঁধ | | | | | খাল | |
| | | | | | | | | | দৈর্ঘ্য | | | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) | প্রাক্কলিত টার্ফিং কাজের পরিমাণ (বর্গমিঃ) | দৈর্ঘ্য (কিঃমিঃ) | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) | দৈর্ঘ্য | | | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) | প্রাক্কলিত টার্ফিং কাজের পরিমাণ (বর্গমিঃ) | দৈর্ঘ্য (কিঃমিঃ) | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) |
| | | | | | | | | | ক্লোজার | বিকল্প | মেরামত | | | | | ক্লোজার | বিকল্প | মেরামত | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |

| অগ্রগতি | ব্যয় | তারিখ পর্যন্ত আনুপাতিক অগ্রগতি | | | | | | | | কার্যাদেশ অনুযায়ী কাজ শেষ করার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাঁধ | | | | | খাল | | অগ্রগতি | | |
| | | দৈর্ঘ্য | | | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) | প্রাক্কলিত টার্ফিং কাজের পরিমাণ (বর্গমিঃ) | দৈর্ঘ্য (কিঃমিঃ) | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিঃ) | | | |
| | | ক্লোজার | বিকল্প | মেরামত | | | | | | | |
| ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ |

১৬

পরিশিষ্ট-৪

বাঁধ মেরামত এবং নদী/খাল পুনঃখনন প্রকল্পের আওতায় .................. অর্থ বছরের বাস্তবায়িত কাজের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিভাগের নাম | পিআইসি | | | কার্যাদেশ (সংখ্যা) | | অনুমোদিত | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | বাঁধ | | | | |
| | | | | | | | দৈর্ঘ্য (কিঃমিঃ) | | | | |
| | | সংখ্যা | বরাদ্দ | চুক্তিমূল্য | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্লোজার | বিকল্প | মেরামত | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘনমিটার) | বরাদ্দ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

| ...দৈর্ঘ্য (কিঃমিঃ) | প্রাক্কলিত মাটির পরিমাণ (ঘন মিটার) | বরাদ্দ | অগ্রগতি | | | | | | ব্যয় | সার্বিক অগ্রগতি (%) | কাজ শেষ করার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাঁধ | | | | খাল | | | | | |
| | | | দৈর্ঘ্য (কিঃমিঃ) | | | সম্পাদিত মাটির পরিমাণ (ঘনমিটার) | দৈর্ঘ্য (কিঃমিঃ) | সম্পাদিত মাটির পরিমাণ (ঘনমিটার) | | | | |
| | | | ক্লোজার | বিকল্প | মেরামত | | | | | | | |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |

## ----------------------- অর্থ বছরের বাঁধ মেরামত এবং নদী/খাল পুনঃখনন প্রকল্পের কাজের সমাপনী প্রতিবেদন।

জোনের নাম :

সার্কেলের নাম :

বিভাগের নাম :

| ক্রমিক নং | উপপ্রকল্প/ স্কীমের নাম | কাজ/ কম্পোনেন্টের নাম | অবস্থান | | | লক্ষ্যমাত্রা | | | | | অর্জিত সাফল্য | | | | | বরাদ্দ (লক্ষ টাকা) | চুক্তিমূল্য অনুযায়ী সম্পাদ্য ব্যয় | অগ্রগতি (%) (১৫/১০) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জেলা | উপ-জেলা | নির্বাচনী এলাকা | দৈর্ঘ্য (কিঃমিঃ) | | | মাটির পরিমাণ (ঘঃমিঃ) | টার্ফিং কাজের পরিমাণ (বঃমিঃ) | দৈর্ঘ্য (কিঃমিঃ) | | | মাটির পরিমাণ (ঘঃমিঃ) | টার্ফিং কাজের পরিমাণ (বঃমিঃ) | | | | |
| | | | | | | হইতে | পর্যন্ত | মোট | | | হইতে | পর্যন্ত | মোট | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর স্বাক্ষরঃ
দাপ্তরিক সীল

নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর :
দাপ্তরিক সীল

পরিশিষ্ট

# প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)/এলসিএস গঠনের ছক

বাপাউবো বিভাগের নাম :

স্কীমের নাম (চেইনেজ সহ) :

উপজেলার নাম :

মোট বরাদ্দের পরিমাণ :

প্রকল্প বাস্তবায়ন কমিটি নং/এলসিএস এর নাম :

অনুমোদিত অর্থের পরিমাণ :

| প্রকল্প ক্রমিক নং | ইউনিয়নের নাম | সদস্যদের নাম ও ঠিকানা | পেশা | পিআইসি/এলসিএস এর পদের নাম চেয়ারপারসন/সদস্য দলনেতা/উপনেতা | বরাদ্দের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

অনুমোদনঃ

নির্বাহী প্রকৌশলীর দস্তখত (তারিখসহ) ঃ
দাপ্তরিক সীল

# Contract Agreement For (Name of the work)

THIS AGREEMENT made the (day) day of (month) (year) between (name and address of Executive Engineer) (hereinafter called "the Employer") of the one part and (name and address of Chairperson & all Members of PIC or name and address of Team Leader & Deputy Team Leader of LCS) (hereinafter called "the PIC/LCS") of the other part.

WHEREAS the Employer allotted certain works, viz., (brief description of works) for the execution of those works in the sum of Taka (Contract Price in figures and in words), (heeinafter called "the Contract Price").

NOW THIS AGREEMENT WITNESSETH AS FOLLOWS:

1. In this Agreement words and expressions shall have the same meanings as are respectively assigned to them in the current Guidelines of execution of বাঁধ মেরামত/সংস্কার প্রকল্প।
2. The documents forming the Contract shall be interpreted in the following order of priority:
   a. the signed Contract Agreement;
   b. approval of PICLCS Formation;
   c. allotment leter of the work to the PIC/LCS;
   d. বাঁধ মেরামত/সংস্কার এবং নদী/খাল পুনঃখনন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন নীতিমালা;
   e. the Drawing and Specifications of the works;
   f. any other document listed forming part of the Contract.
3. In consideration of the payments to be made by the Employer to the PIC/LCS as hereinafter mentioned, the PIC/LCS hereby conveuants with the Employer to execute and complete the works and to remedy and defects therein in conformity in all respect with the provisions of the Contract.
4. The Employer hereby convenants to pay the PIC/LCS in consideration of the execution and completion of the works and the remedying of defects therein, the Contract Price of such other sum as may become payable under the provisions of the Contract at the times and in the manner prescribed by the Contract.

IN WITNESS whereof the parties hereto have caused this Agreement to be executed in accordance with the laws of Bangladesh on the day, month and year first written above.

| | |
|---|---|
| For the Employer<br>(Executive Engineer) | For the PIC/LCS<br>(Chairperson and all Membrs of PIC<br>or Team Leader Deputy Team Leader) |
| Signagures:<br>(Name and Address) | Signatures:<br>(Name and Address) |

In the presence of
Name (Witness-1) (Witness-2)
Address

# প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, বাঁধ মেরামত/সংস্কার এবং নদী/খাল পুনঃখনন প্রকল্পের আওতায় ........................................................... ইউনিয়নের অন্তর্গত ........................................................ উপ-প্রকল্পের বাঁধের নদী/খালের .............................. কিঃমিঃ হইতে .............................. কিঃমিঃ পর্যন্ত মেরামত সংস্কার এবং পুনঃখনন কাজের জন্য কোন জমির প্রয়োজন হইলে তাহা ইউনিয়ন পরিষদের পক্ষ হইতে কোন ক্ষতিপূরণ ছাড়াই সংশ্লিষ্ট জমির মালিকদের সহিত আলোচনা পূর্বক Donation এর মাধ্যমে কাজের জন্য প্রয়োজনীয় জমির ব্যবস্থা করা হইবে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিকট জমির ক্ষতিপূরণ বাবদ কোন টাকা পয়সা দাবী করা হইবে না।

চেয়ারম্যান

.............................. ইউনিয়ন পরিষদ